

## অবরোধের মধ্যে শুরু হলো 'ও' এবং 'এ' লেভেল পরীক্ষা

নিজস্ব প্রতিবেদক

বিএনপির নেতৃত্বে ২০ দলীয় জোটের ডাকা টানা অবরোধ কর্মসূচির মধ্যেই গতকাল মঙ্গলবার শুরু হয়েছে ইংরেজি মাধ্যমের 'ও' এবং 'এ' লেভেলের পরীক্ষা। গত বছরও ৭ জানুয়ারি থেকে শুরু হওয়া পরীক্ষায় প্রায় একই রকম পরিস্থিতির সম্মুখীন হয়েছিল পরীক্ষার্থীরা। তখন হরতাল-অবরোধের কারণে মধ্যরাতে নেওয়া হয়েছিল পরীক্ষা।

ব্রিটিশ কাউন্সিল সূত্রে জানা যায়, গতকাল শুরু হওয়া ২০১৫ সালের 'ও' এবং 'এ' লেভেল পরীক্ষা ২৮ জানুয়ারি পর্যন্ত চলবে। শনি ও রবিবার ছাড়া প্রায় প্রতিদিনই সকাল ও বিকালে পরীক্ষা রয়েছে। 'ও' লেভেলের পরীক্ষা সাপ্তাহিক দুটি ছাড়া ২২ জানুয়ারি পর্যন্ত টানা চলবে। বাকি একটি পরীক্ষা অনুষ্ঠিত হবে ২৮ জানুয়ারি। আর ৯ জানুয়ারি ও সাপ্তাহিক দুটি ছাড়া প্রতিদিনই 'এ' লেভেলের পরীক্ষা রয়েছে। 'এডভেন্সড' কারিকুলামে উভয় পরীক্ষায় এ বছর প্রায় সাত হাজার পরীক্ষার্থী অংশ নিচ্ছে বলে জানা গেছে। এদিকে অবরোধ কর্মসূচির মধ্যে পরীক্ষা শুরু হওয়া নিয়ে শিক্ষার্থী ও অভিভাবকরা রয়েছেন উদ্বেগ-উৎকর্ষায়। 'এ' লেভেল পরীক্ষার্থী জাসিয়া মাসুদের মা জুনিয়া ইয়াসমিন গতকাল কালের কণ্ঠকে বলেন, 'মাসজুড়েই পরীক্ষা। তার এ সময়েই অবরোধ চলছে। মেয়েকে নিয়ে ভয়ে ভয়ে পরীক্ষার হলে শিয়েছি। এর পরও যদি যে পরীক্ষা হয়েছে। টানা হরতাল হলে সাধারণত পরীক্ষা হয় না। আর একবার পরীক্ষা না হলে সেই পরীক্ষা পরের বছর অনুষ্ঠিত হয়।' তিনি পরীক্ষার্থীদের কথা বিবেচনা করে কর্মসূচি দিতে রাজনৈতিক নেতৃবৃন্দকে অনুরোধ করেন। জানা যায়, এডভেন্সড ও ক্যামব্রিজ দুটি কারিকুলামে সারা বিশ্বে ইংলিশ মিডিয়ামে শিক্ষার্থীরা পড়ালেখা করে। প্রতিবছরই জানুয়ারি মাসে এডভেন্সড ও মে মাসে ক্যামব্রিজ কারিকুলামের পরীক্ষা অনুষ্ঠিত হয়। 'ও' এবং 'এ' লেভেল পরীক্ষা সারা বিশ্বে একই দিনে একই প্রসঙ্গক্রমে অনুষ্ঠিত হয়।